

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা
৩/২০ হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭
dss.dhakadiv.gov.bd

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে গঠিত
নৈতিকতা কমিটি'র সভার কার্যবিবরণী

সভার তারিখ: ২১/০৮/২০২২

সময়: সকাল: ১০:৩০

স্থান: সভা কক্ষ, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা;

সভাপতি: মোহাম্মদ মোজাম্মেল হক, পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা;

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা: পরিশিষ্ট-ক।

২.০ সভাপতি উপস্থিত সদস্যদের স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি জানান যে, 'জাতীয় শুদ্ধাচার কৌশল' প্রণয়নের মূল উদ্দেশ্য সরকারের সকল কার্যক্রমে সুশাসন প্রতিষ্ঠা করা। তিনি উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, জনাব আদিল মোস্তাকীনকে কে অধ্যকার সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনার আহ্বান জানান।

৩.০ সভাপতির আহ্বানের প্রেক্ষিতে, উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয় সভায় জাতীয় শুদ্ধাচার বাস্তবায়নের লক্ষ্যে গৃহীত বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা'র ২০২২-২৩ অর্থবছরের কর্মপরিকল্পনাটি সভায় উপস্থাপন করেন এবং উক্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নে করণীয় বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করেন।

৪.০ বিস্তারিত আলোচনার পর সর্বসম্মতিক্রমে কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়ে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| বিষয়বস্তু, আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|--|
| ১.১ নৈতিকতা কমিটির সভা আয়োজন | <ul style="list-style-type: none">প্রতি ৩ মাস অন্তর নৈতিকতা কমিটির সভা নিয়মিত আহ্বান করতে হবে। সে প্রেক্ষিতে পরবর্তী সভা নভেম্বর ২০২২, ফেব্রুয়ারি ২০২৩ ও মে ২০২৩ মাসে আয়োজন করা হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | <ul style="list-style-type: none">সভার সিদ্ধান্তবলী বাস্তবায়নে সকলকে সচেষ্ট থাকতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা | <ul style="list-style-type: none">সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা যথাক্রমে নভেম্বর ২০২২, ফেব্রুয়ারি ২০২৩ ও এপ্রিল ২০২৩ ও জুন ২০২৩ মাসে আয়োজন করা হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ১.৪ শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন | <ul style="list-style-type: none">প্রশিক্ষণ খাতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ডিসেম্বর ২০২২ ও এপ্রিল ২০২৩ মাসে শুদ্ধাচার সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন করা হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ১.৫ কর্ম-পরিবেশ উন্নয়নে স্বাস্থ্যবিধি অনুসরণ ও পরিষ্কার পরিচ্ছন্নতা বৃদ্ধির জন্য ইতোমধ্যে নির্দেশনা প্রদান করা হয়েছে এবং নিয়মিত মনিটরিং করা হচ্ছে। মহিলাদের পৃথক ওয়াশরুমের ব্যবস্থা করা হয়েছে। | <ul style="list-style-type: none">টিওএন্ডইভুজ অকেজো মালামাল চিহ্নিতকরণে একটি কমিটি গঠন করে প্রতিবেদন দাখিল করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |

| বিষয়বস্তু, আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|--|--|
| ২.১ ২০২২-২৩ অর্থবছরের করয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ | <ul style="list-style-type: none"> ২০২২-২৩ অর্থবছরের করয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ৩.১ সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ | <ul style="list-style-type: none"> সেবা প্রদানের ক্ষেত্রে রেজিস্ট্রারে প্রদেয় সেবার বিবরণ ও সেবা গ্রহীতার মতামত সংরক্ষণ করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা |
| ৩.২ ইএফটির মাধ্যমে ঢাকা জেলায় ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারাইলজ, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা অনুদান প্রদান করা হচ্ছে। | <ul style="list-style-type: none"> ইএফটির মাধ্যমে ঢাকা জেলায় ক্যান্সার, কিডনি, লিভার সিরোসিস, স্ট্রোক প্যারাইলজ, জন্মগত হৃদরোগ ও থ্যালাসেমিয়া চিকিৎসা অনুদান প্রদান নিয়মিত মনিটরিং করতে হবে এবং এ বিষয়ে কোন সমস্যা পরিলক্ষিত হলে তা সমাধান করা হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা। |
| ৩.৩ একটি উপজেলার সকল ক্যাপিটেশন গ্র্যান্ট প্রাপ্ত বেসরকারি এতিমখানায় নিবাসীদের ডাটাবেইজ প্রস্তুতকরণ | <ul style="list-style-type: none"> সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক একটি সফটওয়্যার প্রস্তুত চলমান রয়েছে বিধায় উক্ত সফটওয়্যারটি চালু হলে দ্রুত ডাটাবেইজে তথ্য এন্ট্রি প্রদান করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা। |
| ৩.৪ একটি সরকারি শিশু পরিবারের সার্বিক অবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়ন | <ul style="list-style-type: none"> সরকারি শিশু পরিবার ফরিদপুর এর সার্বিক অবস্থার উন্নয়ন ও স্বচ্ছতা আনয়নের জন্য উক্ত শিশু পরিবারে মনিটরিং জোরদার করতে হবে। | উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা ও উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ফরিদপুর। |

৫.০ সকলকে গঠনমূলক আলোচনায় অংশগ্রহণের জন্য ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোহাম্মদ মোজাম্মেল হক)

পরিচালক

বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা

নং- ৪১.০১.০০০০.০২০.১৬.০০০৬.২২.৩৫

০৮ ভাদ্র ১৪২৯

২৩ আগস্ট ২০২২

বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। অতিরিক্ত পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ২। উপপরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।
- ৩। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ঢাকা বিভাগ (সকল)।

অনুলিপি: জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক, সমাজসেবা অধিদফতর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

(আদিল মোস্তাকীন)
উপপরিচালক